নিক খবর

তারিখ 10 JUL 1986
পৃষ্ঠা 1/2

074

## ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বাংলাদেশের সমস্ত বিশ্ববিদ্যালয়ে আগে অনার্সের ভিতরেই যে কোন সময় সাবসিডিয়ারী বিষয় পাস করলেই চলত। কিন্তু বর্তমানে কিছুটা কড়াকড়ি আরোপ করলেও এবারও সাবসিডিয়ারী ফেল করা কিম্বা পরীক্ষা না দেয়া ছাত্রদের প্রমোশন দেয়া হয়েছে।

পক্ষান্তরে বিভিন্ন কারণে সাবসিডিয়ারী বাতিলকৃত ছাত্রদের প্রতি কর্তৃপক্ষ কেন যে এত বিমাতাসুলভ আচরণ করছেন তা আমাদের বোধগম্য নয়। তাদের সাবসিডিয়ারী বাতিলের কারণে প্রমোশন ত দূরের কথা সাথে সাথে অনার্স বিষয়ও দুই/তিন বছরের জন্যে বাতিল ঘোষণা করেছেন। এ যেন মড়ার ওপর খাঁড়ার ঘা।

এর ফলে ১৯৮৫ ইং সনের ২য় অনার্স পরিক্ষার্থী ছাত্রগণ দীর্ঘ পাঁচ/সাত বছর অনেক কষ্ট করে লেখা-পড়া করে এখন হতাশ হয়ে কোন সার্টিফিকেট ছাড়াই বিশ্ববিদ্যালয় জীবনের ইতি টানছে। উল্লেখ্য যে, শিক্ষাবর্ষ ছিল '৮৩-৮৪। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের ফলে বেশ কিছুসংখ্যক ছাত্র ও তাদের গোটা পরিবার আজ ধ্বংসের সম্মুখীন।

অতএব, কর্তৃপক্ষের কাছে আমাদের আকুল আবেদন যে, আমাদেরকে এভাবে তাড়িয়ে দিবেন না। সাবসিডিয়ারীর শাস্তি সাবসিডিয়ারীতে প্রয়োগ করে আমাদেরকে অনার্স পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দান করুন।

মোঃ হাবিবুর রহমান
২৪২, মহসীন হল
ঢাকা বিশ্ববিদ্যালয়।